

জগন্নাথের 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা কাল, আসন প্রতি লড়বেন ৫৫ জন

জবি সংবাদদাতা

প্রকাশিত: ১৭:৪৩, ১৪ ফেব্রুয়ারি ২০২৫



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) কলা ও আইন অনুষদের 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে আগামী শনিবার (১৫ ফেব্রুয়ারি)। এবারের পরীক্ষায় ৭৮৫টি আসনের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করবেন ৪২ হাজার ৯৭৮ জন শিক্ষার্থী। অর্থাৎ, প্রতি আসনের জন্য লড়বেন ৫৫ জন। বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. গিয়াসউদ্দিন।

x

UNIBOTS

তিনি বলেন, এদিন তিনটি শিফটে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম শিফটে সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১০টা, দ্বিতীয় শিফটে দুপুর ১টা থেকে ২টা এবং তৃতীয় শিফটে বিকেল ৪টা থেকে ৫টা পর্যন্ত তিন শিফটে হবে এ পরীক্ষা।

এবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় নিজস্ব নিয়মে ভর্তি পরীক্ষা নিচ্ছে, যেখানে মোট নম্বর ১০০। এর মধ্যে ৭২ নম্বরের পরীক্ষা হবে বহুনির্বাচনি ও লিখিত প্রশ্নের ওপর। বহুনির্বাচনি পরীক্ষায় থাকবে ২৪ নম্বর, আর লিখিত অংশের জন্য বরাদ্দ ৪৮ নম্বর। এছাড়া এসএসসি ও এইচএসসি জিপিএর ভিত্তিতে যথাক্রমে ১২ ও ১৬ নম্বর গণনা করা হবে।

রাজু